

# ইডেনের লগ্নি

নিজস্ব সংবাদদাতা

অতিমারির আবহ কাটিয়ে পুনরুজ্জীবনের পথে পা বাড়িয়েছে আবাসন ও বাণিজ্যিক নির্মাণ ক্ষেত্র। এই শিল্পের দাবি, ২০৩০ সালের মধ্যে এই ব্যবসার অঙ্ক ১ লক্ষ কোটি ডলারে (প্রায় ৮৩ হাজার কোটি টাকা) পৌঁছবে। কলকাতার সংস্থা ইডেন রিয়েলটির কর্তারা জানান, সেই সম্ভাবনার কথা মাথায় রেখে কলকাতা ও সংলগ্ন এলাকায় ওই সময়ের মধ্যে আবাসন ও বাণিজ্যিক নির্মাণ ক্ষেত্রে অন্তত ৫০০০ কোটি টাকা লগ্নি করবেন তাঁরা।

সম্প্রতি হাওড়ার শালিমারে নতুন প্রকল্প ঘোষণার ফাঁকে ইডেন রিয়েলটির এমডি আর্ষ সুমন্তু জানান, আবাসনের বিক্রির নিরিখে কলকাতায় সার্বিক ভাবে ২০১৪ সালের নজির ভাঙে ২০২২ সালে। সেই নজিরও ভেঙে দিয়েছে গত বছরের ব্যবসা। ২০৩০ সালের মধ্যে আবাসন ক্ষেত্রে ৩০০০-৩৫০০ কোটি টাকা ও বাণিজ্যিক নির্মাণ প্রকল্পে ১৬০০-১৮০০ কোটি টাকা লগ্নি করবেন তাঁরা। সংস্থাটির জয়েন্ট এমডি কুমার সাত্যকি জানান, শালিমারের প্রকল্পে লগ্নি হচ্ছে ৫০০ কোটি টাকা।